প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য উল্লেখযোগ্য সরকারি সুবিধাসমূহ

আপনি কি জানেন, বাংলাদেশ সরকার প্রতিবন্ধী ব্যক্তিদের (Persons with Disabilities) জীবনমান উন্নয়নে শুধু মাসিক ভাতা নয়, বরং শিক্ষা, চিকিৎসা ও কর্মসংস্থানেও বিশাল সুযোগ-সুবিধা দিচ্ছে? সঠিক তথ্যের অভাবে অনেকেই এই সুবিধাগুলো থেকে বঞ্চিত হন। আজকের এই গাইডে আমরা জানবো একজন প্রতিবন্ধী ব্যক্তি বা 'সুবর্ণ নাগরিক' সরকারের কাছ থেকে ঠিক কী কী সুবিধা পেতে পারেন।



প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য উল্লেখযোগ্য সরকারি সুবিধাসমূহ



প্রতিবন্ধী পরিচয়পত্র হলো বাংলাদেশ সরকারের স্বীকৃত একটি পরিচয়পত্র, যা প্রমাণ করে যে একজন ব্যক্তি সরকারিভাবে নিবন্ধিত প্রতিবন্ধী ব্যক্তি। এই পরিচয়পত্র ছাড়া অধিকাংশ সরকারি সুবিধা যেমন ভাতা, শিক্ষা উপবৃত্তি, পুনর্বাসন সেবা, সহায়ক উপকরণ এবং বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচিতে অংশগ্রহণ করা কঠিন হতে পারে।

কীভাবে আবেদন করবেন?

১ নিবন্ধন



স্থানীয় সমাজসেবা অফিসে গিয়ে বা অনলাইনে সুবর্ণ নাগরিক কার্ডের জন্য আবেদন করুন।

২ ডাক্তারি পরীক্ষা



সিভিল সার্জনের অফিস বা নির্ধারিত কেন্দ্র থেকে প্রতিবন্ধিতার ধরণ নির্ণয় করতে হবে।

৩ কার্ড সংগ্রহ



সমাজসেবা অফিস থেকে কার্ডটি সংগ্রহ করুন।



প্রয়োজনীয় কাগজপত্র: জাতীয় পরিচয়পত্র বা জন্মনিবন্ধন, পাসপোর্ট সাইজের ছবি, মেডিকেল বা প্রতিবন্ধিতা সংক্রান্ত প্রমাণপত্র (যদি থাকে), আবেদন ফরম

প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য উল্লেখযোগ্য সরকারি সুবিধাসমূহ

১ প্রতিবন্ধী ভাতা



প্রতিবন্ধী ব্যক্তিদের সামাজিক নিরাপত্তার জন্য সমাজসেবা অধিদপ্তরের মাধ্যমে মাসিক **৯০০** টাকা করে ভাতা প্রদান করা হয়।

তবে চাকুরীজীবি, পেনশনভোগী কিংবা কেউ যদি বয়স্ক ভাতা বা সরকার থেকে অন্য কোনো ভাতা পেয়ে থাকেন তারা এই ভাতা পাবেন না।

কে পাবেন?

৬ বছরের বেশি বয়সী সব প্রতিবন্ধী ব্যক্তি।



এছাড়া এই টাকা এখন সরাসরি মোবাইল ব্যাংকিং (বিকাশ/ নগদ) এর মাধ্যমে পৌঁছে যায়।

২ বয়স্ক ভাতা

সরকার কর্তৃক সামাজিক নিরাপত্তার জন্য বয়স্ক ব্যক্তিদেরকে বর্তমানে প্রতিমাসে জনপ্রতি **৬৫০** টাকা করে ‘বয়স্ক ভাতা’ প্রদান করা হয়।



কারা পাবেন?

দেশের সকল সিটি কর্পোরেশন, পৌরসভা ও উপজেলার যেসব পুরুষ (৬৫ বছর বা তার বেশি), নারীর (৬২ বছর বা তার বেশি) বার্ষিক গড় আয় দশ হাজার (১০,০০০) টাকা তারা এই সেবা পাবেন।

ভাতার টাকা পাবেন কীভাবে?



মোবাইল ব্যাংকিং (বিকাশ)

অথবা



ব্যাংকের মাধ্যমে

কোথায় পাবেন?

সংশ্লিষ্ট স্থানীয় সমাজসেবা অফিস থেকে এ সেবা পাওয়া যাবে।





প্রয়োজনীয় কাগজপত্র: ভাতা পাওয়ার ক্ষেত্রে অবশ্যই সুবর্ণ নাগরিক কার্ড থাকতে হবে

প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য উল্লেখযোগ্য সরকারি সুবিধাসমূহ

৩ শিক্ষা উপবৃত্তি

প্রতিবন্ধী শিক্ষার্থীরা যাতে পড়াশোনা চালিয়ে যেতে পারে, সেজন্য ৪টি স্তরে মাসিক উপবৃত্তি দেওয়া হয়।



কত টাকা উপবৃত্তি?

প্রাথমিক স্তর	মাধ্যমিক স্তর	উচ্চ মাধ্যমিক	উচ্চতর স্তর
(১ম-৫ম শ্রেণি)	(৬ষ্ঠ-১০ম শ্রেণি)	(১১শ-দ্বাদশ)	(স্নাতক ও স্নাতকোত্তর)
৯০০ টাকা	৯৫০ টাকা	১০৫০ টাকা	১৩০০ টাকা

কারা পাবেন?

- সরকার কর্তৃক অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত প্রতিবন্ধী ছাত্র ছাত্রী
- বয়স: ৫ বছর বা তার বেশি
- বার্ষিক পরিবারিক আয়: ৩৬,০০০ টাকার নিচে



৪ সুদমুক্ত ঋণ ও কর্মসংস্থান



পাঁচ থেকে পঞ্চাশ হাজার টাকা পর্যন্ত

দারিদ্র্য বিমোচন ও জীবনযাত্রার মান উন্নয়নের অংশ হিসেবে প্রতিবন্ধী ব্যক্তিরা যেন নিজেদের স্বাবলম্বী করে গড়ে তুলতে পারে সেজন্য সরকার ক্ষুদ্র ঋণের ব্যবস্থা করেছে।



কারা পাবেন?

যে সদস্যদের বার্ষিক গড় আয় সর্বোচ্চ ৬০ হাজার টাকা পর্যন্ত তারা এই সেবার আওতাভুক্ত।

কীভাবে আবেদন করবেন?

আবেদন ফরম সংগ্রহ ও পূরণ → স্থানীয় সমাজসেবা কার্যালয়ে জমা দিন → ঋণ অনুমোদন ও বিতরণ

কোথায় পাবেন?

সংশ্লিষ্ট স্থানীয় সমাজসেবা অফিস থেকে এ সেবা পাওয়া যাবে।





প্রয়োজনীয় কাগজপত্র: অবশ্যই সুবর্ণ নাগরিক কার্ড থাকতে হবে

প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য উল্লেখযোগ্য সরকারি সুবিধাসমূহ

৫ বিনামূল্যে চিকিৎসা ও থেরাপি সেবা

দেশের বিভিন্ন জায়গায় অবস্থিত ১০৩টি প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র (Disability Service and Help Centre) থেকে সম্পূর্ণ বিনামূল্যে আধুনিক চিকিৎসা পাওয়া যায়।

যেসকল সেবা পাওয়া যায়

ফিজিওথেরাপি

স্ট্রোক, প্যারালাইসিস বা বাত ব্যথার রোগীদের জন্য।



স্পিচ ও ল্যাঙ্গুয়েজ থেরাপি

যারা কথা বলতে বা শুনতে পারে না তাদের জন্য।



কাউন্সেলিং

মানসিক স্বাস্থ্য ও অটিজম বিষয়ক পরামর্শ।



টেস্ট

হিয়ারিং টেস্ট (শ্রবণ পরীক্ষা) ও অপটোমেট্রিক টেস্ট (দৃষ্টি পরীক্ষা)।



কোথায় পাবেন?

দেশের বিভিন্ন জায়গায় অবস্থিত ১০৩টি প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রে



প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য উল্লেখযোগ্য সরকারি সুবিধাসমূহ

৬ বিনামূল্যে সহায়ক উপকরণ (Assistive Devices)

আর্থিক সামর্থ্য নেই এমন প্রতিবন্ধী ব্যক্তিদের চলাচলের সুবিধার্থে সরকার বিনামূল্যে সহায়ক উপকরণ সরবরাহ করে।

যেসকল উপকরণ পাওয়া যায়



হুইলচেয়ার ও ট্রাইসাইকেল



ক্র্যাচ ও ওয়াকিং ফ্রেম



সাদা ছড়ি



হিয়ারিং এইড



বিশেষ চশমা

কোথায় পাবেন?

নিকটস্থ প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রে



প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য উল্লেখযোগ্য সরকারি সুবিধাসমূহ

৭ যাতায়াত ও পরিবহন সুবিধা

২০১৩ সালের প্রতিবন্ধী সুরক্ষা আইন অনুযায়ী, গণপরিবহনে (বাস, ট্রেন, লঞ্চ) প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য নির্দিষ্ট আসন (Reserved Seats) সংরক্ষিত থাকবে এবং ভাড়ার ক্ষেত্রে বিশেষ ছাড় দেওয়া হবে।







৮ বিশেষ শিক্ষা প্রতিষ্ঠান ও আবাসন

দৃষ্টি, শ্রবণ ও বুদ্ধি প্রতিবন্ধী শিশুদের জন্য ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশালসহ বিভিন্ন বিভাগীয় শহরে বিশেষায়িত স্কুল রয়েছে।

আবাসিক সুবিধা

অনেক স্কুলে থাকা-খাওয়ার ব্যবস্থা আছে।



ব্রেইল বই

দৃষ্টি প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য বিনামূল্যে ব্রেইল বই ও শিক্ষা উপকরণ দেওয়া হয়।




প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য উল্লেখযোগ্য সরকারি সুবিধাসমূহ

৯ ফ্যামিলি পেনশন সুবিধা



১০ জন্ম নিবন্ধন ফি মওকুফ



প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য উল্লেখযোগ্য সরকারি সুবিধাসমূহ

১১ মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা

সংশ্লিষ্ট জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসার এই কর্মসূচী বাস্তবায়ন করবেন।

কে পাবেন?



যিনি মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় থেকে সনদপ্রাপ্ত মুক্তিযোদ্ধা হবেন, তিনি এই ভাতা পাবেন।

মাসিক ভাতা



১২,০০০ টাকা

যারা পাবেন না?



- যুদ্ধাহত মুক্তিযোদ্ধা
- শহিদ মুক্তিযোদ্ধা পরিবার
- মৃত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা পরিবার
- যারা বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট হতে রাষ্ট্রীয় সম্মানী ভাতা পেয়ে থাকেন

১২ চাকরি কোটা

কোন শ্রেণির চাকরিতে কত কোটা?

৩য় ও ৪র্থ শ্রেণি

প্রতিবন্ধী ব্যক্তি ও এতিমদের জন্য

১০% কোটা সংরক্ষিত



১ম ও ২য় শ্রেণি

সরকারি চাকরিতে তাদের জন্য সংরক্ষিত কোন কোটা নেই।



এক্ষেত্রে যোগ্যতাই নিয়োগের একমাত্র মাপকাঠি।

তাই কী করতে হবে?

প্রয়োজনীয় শর্ত পূরণ করলে ১ম ও ২য় শ্রেণির সরকারি চাকুরীতে উন্মুক্ত প্রতিযোগিতার মাধ্যমে যোগ্য প্রতিবন্ধী ব্যক্তিদের নিয়োগ প্রদান করা হবে।



CDD Centre for Disability in Development
Bringing hope, dignity and meaning to life

sense international